

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট: এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা-১২০৭।

জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আয়োজিত
অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	:	কাজী হাসান মাসুদ, কোম্পানি সচিব, জিটিসিএল
সভার তারিখ	:	২১.১২.২০২২
সভার সময়	:	বেলা ১১: ০০ ঘটিকা
স্থান	:	অনলাইন
উপস্থিতি	:	রেকর্ডেড

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আয়োজিত অবহিতকরণ সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) ও ফোকাল পয়েন্ট সিটিজেন চার্টার কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম-২.২ মোতাবেক এ সভার আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।


সভায় সংযুক্ত পেট্রোবাংলার অন্যান্য কোম্পানির প্রতিনিধিরা জিটিসিএল-এর কর্মকাণ্ডে সন্তুষ্টি প্রকাশ করেন। এছাড়া জিটিসিএল-এর স্টেকহোল্ডার গ্রামীণফোন লিমিটেড ও SKRP Trade Sydicate জিটিসিএল-এর কর্মকাণ্ডে সন্তুষ্টি প্রকাশ করেন।

সভার এক পর্যায়ে জিটিসিএল-এর স্টেকহোল্ডার মেসার্স আল-আরাফাত সার্ভিসেস (প্রাঃ) লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক, সরবরাহকৃত আউটসোর্সিং জনবলের বেতন-ভাতাদির বিপরীতে দাবিকৃত বিল জিটিসিএল কর্তৃক যথাসময়ে পরিশোধ করা হচ্ছে না বলে মতামত ব্যক্ত করেন। এ সময় মহাব্যবস্থাপক (হিসাব) সভাকে অবহিত করেন, যেহেতু বিলসমূহ ইআরপি সিস্টেমে উপস্থাপন করা হয় সেহেতু বিল পরিশোধে বিলয়ের কোন সুযোগ নেই। এ বিষয়ে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) উল্লেখ করেন যে, মেসার্স আল-আরাফাত সার্ভিসেস (প্রাঃ) লিমিটেড সরবরাহকৃত আউটসোর্সিং জনবলের বেতন-ভাতাদি যথাসময়ে পরিশোধ করে না। বেতন-ভাতাদি বিলষে পরিশোধ পরবর্তীতে জিটিসিএল-এর নিকট বিল উপস্থাপন করা হয়। জিটিসিএল-এর নিকট বিল উপস্থাপন করা হলে সর্বদা দ্রুততম সময়ের মধ্যে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক ভবিষ্যতে আলোচ্য বিষয়ে দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে সভাকে আশ্বস্ত করেন।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


(সরোজ কান্তি মজুমদার)

উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) ও
সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ
কমিটি, জিটিসিএল


(কাজী হাসান মাসুদ)

কোম্পানি সচিব ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, জিটিসিএল

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
- ৪। পরিচালক (অর্থ) অ.দা. ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
- ৫। উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং), জিটিসিএল, ঢাকা।
- ৬। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল, ঢাকা।
- ৭। অফিস কপি।